উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০২.২০১৭-৫৩৭ (৪০) তারিখ-২৩/০৪/২০২৫ খ্রিঃ।

# নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী-২৮/০৪/২০২৫ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১১.৩০ টায় উপজেলা পরিষদের এপ্রিল/২০২৫ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভা নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা পরিষদ সভা সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়িত অর্থের অনুমোদন সংক্রান্ত।
৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচী বিষয়ক আলোচনা।
৪। উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত বিভিন্ন বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে।
৫। বিবিধ আলোচনা।

২৩/০৪/২০২৫

(মোঃ মারুফ হাসান)
উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
☏-০২৫৮৮৮৭৮৫৫৫

প্রাপকঃ ..................................................

..................................................
বোচাগঞ্জ, দিনাজপুর।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-

১। জেলা প্রশাসক, দিনাজপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৩। অফিস কপি।

CamScanner

## উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এর এপ্রিল/২০২৫ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ মারুফ হাসান
উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ঃ ২৮/০৪/২০২৫ খ্রিঃ।
সময় ঃ সকাল-১১.৩০ টা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট-ক

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা 'খ' তে দেখানো হলো।

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর সভা পরিচালনা করেন।

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ** গত-১৭/০৩/২০২৫ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় ২৮/০৪/২০২৫ খ্রিঃ তারিখের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। | গত-১৭/০৩/২০২৫ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় ২৮/০৪/২০২৫ খ্রিঃ তারিখের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০২. | সভায় উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর উপজেলার সকল দপ্তর প্রধানদের তাদের নিজ নিজ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এবং তাদের সেবাসমূহ প্রচারের মাধ্যমে জনসাধারণকে জানানোর পাশাপাশি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করার জন্য অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধানকে তাদের সেবাসমূহ ব্যাপক প্রচারের ব্যবস্থা করাসহ উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সকল দপ্তর প্রধানগণ। |
| | **উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত দপ্তরসমূহের কার্যক্রম প্রসঙ্গে ঃ** | | |
| ০৩. | **উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়িত অর্থের অনুমোদন সংক্রান্তঃ** ১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় মার্চ/২০২৫ খ্রিঃ মাসের অফিস আপ্যায়ন বাবদ ব্যয়=৩৮,০০০/-টাকা। ০২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় মার্চ/২০২৫ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক বাবদ ব্যয়=৫,০০০/- টাকা। ০৩। উপজেলা পরিষদ কার্যালয়ের মালী এর মার্চ/২০২৫ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে ব্যয় (৩০দিন×৫৫০) =১৬,৫০০/-টাকা। ০৪। উপজেলা পরিষদ কার্যালয়ের সুইপার/পরিচ্ছন্নকর্মী এর মার্চ/২০২৫ খ্রিঃ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে বিল (৩০দিন×৫৫০)=১৬,৫০০/-টাকা। ০৫। উপজেলা পরিষদ কার্যালয় বোচাগঞ্জ, দিনাজপুর এর নিরাপত্তা প্রহরী (আনসার) এর মার্চ/২০২৫ খ্রিঃ মাসের বিল =৮,৩০৮/-টাকা মাত্র। ০৬। উপজেলা পরিষদ কার্যালয় বোচাগঞ্জ, দিনাজপুর এর নিরাপত্তা প্রহরী (আনসার) এর ঈদ-উল ফিতরের উৎসব ভাতা বাবদ বিল =৮,৩০৮/-টাকা মাত্র। ০৭। উপজেলা পরিষদ রাজস্ব তহবিব এর আওতায় পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে উপজেলা পরিষদ চত্বরে পানির পাম্পের মটার পুড়ে যাওয়ায় পুনঃ মেরামত বাবদ বিল=২৫,০০০/- টাকা ০৮। উপজেলা পরিষদ রাজস্ব তহবিব এর আওতায় যানবাহন মেরামত খাত হতে উপজেলা পরিষদ এর পাজেরো জীপ গাড়ী নং দিনাজপুর ঘ-১১-০০৫৫ এর টুটি টাকি মেরামত বাবদ বিল=২৫,০০০/- টাকা। ০৯। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "জাতীয় দিবস উদযাপন" খাত হতে ২৬ মার্চ, ২০২৫ মহান স্বাধীনতা দিবস উদযাপন বাবদ বিল=৫০,০০০/-টাকা মাত্র। ১০। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল এর আওতায় "বিদ্যুৎ বিল" খাত হতে উপজেলা পরিষদ কার্যালয়ের ডিসেম্বর/২০২৪ হতে মার্চ/২০২৫ পর্যন্ত বিদ্যুৎ বিল=১২,০৪৯/- টাকা মাত্র। ১১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল এর আওতায় "বিদ্যুৎ বিল" খাত হতে উপজেলা পরিষদ চত্বরে পানির পাম্পের ডিসেম্বর/২০২৪ হতে মার্চ/২০২৫ পর্যন্ত বিদ্যুৎ বিল=২০,২৬১/- টাকা মাত্র। ১২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "বিদ্যুৎ বিল" খাত হতে উপজেলা পরিষদ চত্বরে উপজেলা পরিষদ হলরুম এর ডিসেম্বর/২০২৪ হতে মার্চ/২০২৫ পর্যন্ত বিদ্যুৎ বিল=২,১২৪/- টাকা মাত্র। | বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত খাতসমূহের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সর্বসম্মতিক্রমে ব্যয়উত্তর অনুমোদন দেয়া হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ০৪. | **উপজেলা প্রকৌশলী দপ্তর ঃ** সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২৫অর্থ বছরে 'উপজেলা উন্নয়ন সহায়তা' খাতের 'অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় উপদেষ্টার অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' উপখাত হতে দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলায় পাবলিক লাইব্রেরী স্থাপনের জন্য | সভায় বিস্তারিত আলোচনান্তে, দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলা পরিষদের অনুকূলে ৫৩,০০,০০০/- (তিপ্পান্ন লক্ষ) টাকা পাবলিক | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, |

(চলমান পতা-১)

| | | | |
|---|---|---|---|
| | ৫৩,০০,০০০/-(তিপ্পান্ন লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত পাবলিক লাইব্রেরী স্থাপনের জন্য জায়গা নির্ধারণ এবং টেন্ডার আহবানের প্রক্রিয়া নির্ধারণের প্রস্তাব সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br>২। সভায় উপজেলা প্রকৌশলী আরও জানান যে, গত ২৭/০১/২০২৫খ্রিঃ তারিখে মাসিক সাধারণ সভায় ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি (পিআইসি) এর আওতায় ৬নং ইউনিয়নে বাসুদেবপুর নরেন মাষ্টারের বাড়ী থেকে খালপাড়া পর্যন্ত সারফেস ড্রেন নির্মাণ প্রকল্পটি অনুমোদন দেওয়া হয়। কিন্তু [illegible] না। [illegible] উক্ত স্থানের পরিবর্তে পলাশ এর বাড়ির কালভার্ট হতে পূর্ব সুয়া নদীর অভিমুখে ড্রেনটি নির্মাণ করার প্রস্তাব সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br>সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, অত্র উপজেলা প্রকৌশল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা প্রকৌশল দপ্তরের কার্যক্রম নিম্নে প্রদত্ত হলো ও পদ্ধতি ভিত্তিক অগ্রগতি নিম্নোক্ত ছকে উল্লেখ পূর্বক আলোচনা হয়। | লাইব্রেরী উপজেলা পরিষদের অভ্যন্তরে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় ও LTM পদ্ধতিতে টেন্ডার আহবানের অনুরোধ করা হয় এবং ৬নং ইউনিয়নে বাসুদেবপুর নরেন মাষ্টারের বাড়ী থেকে খালপাড়া পর্যন্ত সারফেস ড্রেন নির্মাণ এর পরিবর্তে পলাশ এর বাড়ির কালভার্ট হতে পূর্ব সুয়া নদীর অভিমুখে ড্রেনটি নির্মাণ প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | দিনাজপুর এবং উপজেলা প্রকৌশলী, বোচাগঞ্জ, দিনাজপুর। |

**চলমান স্কীম সমূহ**

| ক্রঃ নং | প্রকল্পের নাম | মোট প্রকল্প সংখ্যা | চলমান | সমাপ্ত | অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী-৪ এর আওতায় প্রধান শিক্ষকের কক্ষ নির্মাণ | ০২ | - | ০২ | ৮০% | |
| ২ | প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী-৪ এর আওতায় সীমানা প্রাচীর ও গেট নির্মাণ | ০৮ | ০৬ | ২ | ৮০% | |
| ৩ | বৃহত্তর রংপুর বিভাগীয় প্রকল্প (RDRIIP-2) (২০২৩-২০২৪)। | ০৩ | ০৩ | - | ৫০% | |
| ৪ | অগ্রাধিকার ভিত্তিতে পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (IRIDP-3) | ১৩ | ০১ | ১২ | ৯০% | |
| ৫ | EDC প্রকল্পের আওতায় জয় ডি-সেন্টার নির্মাণ | ০১ | ০১ | - | ৫০% | |
| ৬ | SupRB প্রকল্পের আওতায় ৩০মিঃ গার্ডার ব্রিজ নির্মাণ ও বক্স কালভার্ট মেরামত | ০১ | ০১ | - | ৯০% | |
| ৭ | বৃহত্তর দিনাজপুর জেলা প্রকল্প (GDDRIDP). | ০৫ | ০৫ | - | ২০% | |
| ৮ | সার্বজনিন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প (GSDP-2) | ১৩ | ২ | ১১ | ৮০% | |
| ৯ | উপজেলা শহর (নন মিউনিসিপাল) প্রকল্পের আওতায় পাবলিক টয়লেট নির্মাণ | ০৩ | ০১ | - | ৭০% | |

উপরোক্ত প্রকল্পের কার্যক্রম গুলি স্বাভাবিক ভাবে চলমান।

| | | | |
|---|---|---|---|
| ০৫. | <u>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরঃ</u> উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে সরকার কর্তৃক ইপিআই টিকা কার্ড সরবরাহ হচ্ছেনা তাই উপজেলা পরিষদের অর্থায়নে ১,০০০টি টিকা কার্ড সরবরাহ করার জন্য সভায় আহ্বান জানান। বিনা মূল্যে পোর্টেবল এক্সরে করা হয়। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালের সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০৬. | <u>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরঃ</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মার্চ/২০২৫ খ্রিঃ মাসের সক্ষম দম্পতি=৩৫,৬২৭ জন, গ্রহণকারী=২৯,৪০২ জন, সি.এ.আর ৮২.৫৩% গর্ভবতী সংখ্যা=৮৯২ জন। কাজের অগ্রগতি মোটামুটি সন্তোষজনক। বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে অগ্রাধীকার ভিত্তিতে জনসেবা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর। |

| ক্রঃনং | পদ্ধতির নাম | সেবা গ্রহনকারীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা) | ২৪ জন | |
| ০২. | আইইউডি | ৫০ জন | |
| ০৩. | ইমপ্লান্ট | ১৩৬ জন | |
| ০৪. | খাবার বড়ি (সুখী/আপন) | ৪৮ জন | |
| ০৫. | কনডম | ১৫০ জন | |
| ০৬. | ইনজেকশন | ৮৯ জন | |
| ০৭. | গর্ভকালীন সেবা | ৩৮৬ জন | |
| ০৮. | ডেলিভারী সেবা | ১৫৩ জন | |
| ০৯. | প্রসবোত্তর সেবা | ১২৭ জন | |
| ১০. | শিশু সেবা (০-৫৯) | ৪৫৭ জন | |
| ১১. | সাধারন রোগী সেবা (পুরুষ+মহিলা) | ২,০৩৫ জন | |
| ১২. | পুষ্টি সেবা (গর্ভবতী ও ০-২৩ মাস বয়সী শিশুর মা এবং ০-৫৯ মাস বয়সী শিশু) | ১,৯১০ জন | |

| | | | |
|---|---|---|---|
| ০৭. | <u>উপজেলা কৃষি দপ্তর ঃ</u> উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় রবি ২০২৪-২৫ অর্থ বছরে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় বিভিন্ন ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরিষা ১৮০০ জন, ভুট্টা ১১০০ জন, সূর্যমুখী ২০ জন, পেয়াজ ১০ জন এবং বোরো হাইব্রিড ১৫০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরন করা হয়েছে। রবি ২০২৪-২৫ অর্থ বছরে আলু ২৮০০ হেক্টর, সরিষা ৭৫০ হেক্টর, ভুট্টা ৫৪৮০ হেক্টর, গম ৫৪ হেক্টর, গম ৫৪ হেক্টর, পেয়াজ ১২২ হেক্টর, রসুন ১৪৩ হেক্টর, শাক-সবজি ৪৪০ হেক্টর আবাদ চলমান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সরকারী নির্দেশনা মোতাবেক যথাযথ ভাবে ফসল রক্ষার্থে কৃষক ভাইদের করণীয় বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পতা-২)

| | | | |
|---|---|---|---|
| | আগামীতে খাদ্য ও পুষ্টির চাহিদা নিশ্চিতকরণ ও স্মার্ট কৃষি বিনির্মাণের নিমিত্তে বিভিন্ন প্রকল্পের আওতায় ৩১০টি সবজি ও ফল প্রদর্শনীর বিভিন্ন উপকরণ কৃষকের মাঝে বিতরন করা হয়েছে এবং বাস্তবায়ন সম্পন্ন হয়েছে।<br>মাঠ ফসলের রোগ দমনে ব্যবস্থা রক্ষায় কৃষকদের উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। বর্তমানে সার, বীজ ও কীটনাশকের পর্যাপ্ত মজুদ রয়েছে। | | |
| ০৮. | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অক্টোবর মাসে মাসব্যাপী ১,৩৪,০০০ ছাগল ও ভেড়াকে ফ্রি পিপিআর ভ্যাক্সিনেশন করা হয়েছে। সভায় প্রানিসম্পদ কর্মকর্তা আরও জানান যে, সামনে গরু ছাগলের ক্ষুরারোগ, লাম্পিস্কিন ডিজিজ ও রেবিস রোগের প্রাদুভাব দেখা দিতে পারে এজন্য অগ্রিম টিকাদান কর্মসুচীর বিকল্প নাই। সরকারী টিকা পর্যাপ্ত না হওয়ার দরুন উপজেরা পরিষদের এডিপি এর বাজেট থেকে ৩,৮৮,১০০/- টাকার ৩৭০০ মাত্রার জলাতংক ক্ষুরা এবং এলএসডি রোগের টিকা উপজেলা পরিষদ হতে সরবরাহ করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা চলমান কার্যক্রম শুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০৯. | উপজেলা মৎস্য দপ্তরঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় শুকদেবপুর গজাঘাটা মৎস্য অভয়াশ্রম মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হয়। ২০২৪-২৫ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় ২০(বিশ) জন মৎস্য চাষিকে উত্তম মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জাটকা ক্রয় বিক্রয় রোধে বোচাগঞ্জ উপজেলার বিভিন্ন মৎস্য বাজারে অভিযান পরিচালনা ও পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। অত্র উপজেলা হতে যেন সীমান্তে ইলিশ পাচার রোধে তদারকি কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সার্বিক বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ মৎস্য দপ্তরে সকল সরকারী কার্যক্রম বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, (১) ভিডাব্লিউবি কার্যক্রমঃ অত্র উপজেলার ০৬টি ইউনিয়নের ২০২৪-২০২৫ অর্থ বছরের (জানুয়ারি/২০২৩ হতে ডিসেম্বর/২০২৪ পর্যন্ত) ২৪ মাস মেয়াদী ভিডাব্লিউবি কার্ড সংখ্যা ২,২৫৮টি। ৬টি ইউনিয়ন ব্যবস্থাপক ডাচ বাংলা ব্যাংক এজেন্ট ব্যাংকিং সেতাবগঞ্জ শাখা, বোচাগঞ্জ, দিনাজপুর ১০. (দশ) টাকার হিসাব নং খোলা হয়েছে। বিডাব্লিউবি জুলাই/২০২৪ হইতে ডিসেম্বর/২০২৪ পর্যন্ত বরাদ্দ পাওয়া গেছে। ডিসেম্বর ২০২৪ মাসের ভিডিব্লিউবি চাল বিতরণ শেষ। ২০২৪-২৫ অর্থ বছরে ভিডাব্লিউবি নির্দেশনা পাওয়া গেছে। ২। মা ও শিশু ভাতা প্রদান কর্মসূচীর আওতায় বহুল প্রচার করে অনলাইনে মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থ. বছরের ১নং নাফানগর ইউনিয়ন প্রতি মাসে ০৯জন ০৯×১২=১০৮ জন, ২নং ঈশানিয়া ইউনিয়ন প্রতি মাসে ০৯জন ০৯×১২=১০৮ জন, ৩নং মুশিদহাট ইউনিয়নে প্রতি মাসে ০৯জন ০৯×১২= ১০৮ জন, ৪নং আটগাঁও ইউনিয়নে প্রতি মাসে ০৯জন ০৯×১২=১০৮ জন, ৫নং ছাতইল ইউনিয়নে প্রতি মাসে ০৯জন ০৯×১২=১০৮ জন, ৬নং রনগাঁও ইউনিয়নে প্রতি মাসে ০৯জন ০৯×১২=১০৮. জন, বরাদ্দ পাওয়া গেছে। প্রতিটি ইউনিয়নে জুলাই/২০২৪ হতে জানুয়ারী/২০২৫ পর্যন্ত অনুমোদন সংক্রান্ত কাজ সম্পূর্ন হয়েছে। অনলাইনের কাজ চলমান রয়েছে।<br>০৩। ২০২৪-২০২৫ অর্থ বছরে সেতাবগঞ্জ পৌরসভা মা ও শিশু ভাতা কর্মসুচীর আওতায় প্রতিমাসে ১৮জন, ১৮×১২=২১৬ জনের বরাদ্দ পাওয়া গেছে। জুলাই/২০২৪ হতে ফেব্রুয়ারি/২০২৫ পর্যন্ত অনুমোদন সংক্রান্ত কাজ সম্পূর্ন হয়েছে। অনলাইনের কাজ চলমান রয়েছে। ৪। উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৪-২০২৫ অর্থ বছরে জানুয়ারি/২০২৫ হতে মার্চ/২০২৫ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী সেলাই প্রশিক্ষণ (দর্জি বিজ্ঞাণ) বিষয়ে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান। ৫। মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্দ্ধক প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্পের ০২(দুই) টি ট্রেডে জানুয়ারি/২০২৩ হতে ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত ০২(দুই) মাস মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় প্রতি কোর্সে ২৫ জন করে মোট ৫০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণের জন্য ১৭তম ও ১৮তম ব্যাচের ১। ক্রিস্টাল শো-পিচ ২। ফ্যাশান ডিজাইন কোর্সের কার্যক্রম মোট ৫০ জন প্রশিক্ষণার্থী কার্যক্রম শেষ হয়েছে নতুন করে প্রশিক্ষণার্থী ভর্তির নির্দেশনা পাওয়া যায় নাই। ৬। পৌরসভায় ০১ টি ও ০৬ টি ইউনিয়নে ০৬ টি মোট=৭ টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। ইহা ছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল প্রকার জনস্বার্থে কার্যক্রম এবং সকল প্রকার জনস্বার্থে কার্যক্রম এবং দাপ্তরিক কার্যক্রম বিধি বিধান অনুসরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থ্য গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১১. | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র [redacted] প্রয়োজনীয় কার্যক্রম নিম্নের ছকে তুলে ধরা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে, [redacted] জনসাধারণের সেবাসমূহ সঠিকভাবে পালনসহ প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন [redacted], দিনাজপুর। |

| ক্রমনং | প্রকল্প/কর্মসূচীর নামা | সমিতি/ দল | তহবিল প্রাপ্তি | প্রবৃদ্ধি | মোট তহবিল | ক্রমপুঞ্জিত বিতরণ | ক্রমপুঞ্জিত আদায় | মাঠে বকেয়া | আদায় হার | খেলাপী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | আবর্তক কৃষি কর্মসূচী | ৩৪ টি | ৫৮.৪৮ | ৬.৪৮ | ৬৪.৯৬ | ৪১৪.৩১ | ৩৫৪.১৩ | ৬৬.৮১ | ১০০% | - |
| ২ | সদাবিক কর্মসূচী | ৭৩ টি | ৭৩.৫০ | ৫.৩২ | ৭৮.৮২ | ২৬৪.৫৪ | ১৮৮.৪১ | ৭৬.১৩ | ৭৬% | ৫৮.৫৫ |
| ৩ | পল্লী প্রগতি কর্মসূচী | ২৬ | ৩৫.৪৫ | ০.৮৬ | ৩৬.৩১ | ১০৩.০৭ | ৬৪.১২ | ৩৮.৯৫ | ৬৩% | ৩২.১২ |
| ৪ | কোভিড-১৯ প্রণোদনা ঋণ কর্মসূচী | - | ৪.১৮ | ০.৩১ | ৪.৪৯ | ৯.০৬ | ৫.৬৪ | ৩.৪২ | ৭৫% | ১.৮৯ |
| ৫ | অপ্রধান শস্য প্রকল্প | - | ৬৬.৫ | - | ৬৬.৫ | ১৩৮.১২ | ৯১.৮০ | ৪৬.৩২ | ৬৭% | - |
| | সর্বমোট= | ৩২ | ৬০.০০ | ০.৩২ | ৬৬.০৫ | ১৯৯.৯৭ | ৬৬.৬৭ | ৩৩.৩০ | ১০০% | - |

| | | | |
|---|---|---|---|
| ১২. | <u>উপজেলা প্রকল্প বাস্তাবায়ন দপ্তরঃ</u><br>উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম নিয়ে বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের ইউনিয়ন হতে প্রকল্পের তালিকা পাওয়া গেছে অনুমোদনের জন্য জেলায় প্রেরন করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রকল্প বাস্তাবায়ন দপ্তরের কার্যক্রম সরকার কর্তৃক নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১৩. | <u>উপজেলা সমাজসেবা দপ্তরঃ</u> উপজেলা সমাজসেবা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা সমাজসেবা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর জনাব মোঃ পিয়ারুল ইসলাম সভায় জানান যে, সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতাধীন বয়ষ্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষভাতা, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কর্মসূচির ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ কিস্তির নির্ভুল পে-রোল প্রদান করার জন্য পত্র পাওয়া যায় এবং সেমতে মৃত উপকারভোগীর পরিবর্তে নতুন উপকারভোগী রেজুলেশনসহ প্রতিস্থাপনের জন্য নামের তালিকা সংশ্লিষ্ট চেয়ারম্যানগকে জমাদানের জন্য গত সভায় অনুরোধ হয়েছিল।<br>রোগী কল্যাণ সমিতি, হাসপাতাল সমাজসেবা কার্যক্রম,বোচাগঞ্জ, থাকায় অসহায় রোগীকে ঔষধ প্রদানের জন্য সহায়তা কার্যক্রম আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষভাতা, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কর্মসূচির ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ কিস্তির নির্ভুল পে-রোল প্রদান করার জন্য পত্র পাওয়া যায় এবং সেমতে মৃত উপকারভোগীর পরিবর্তে নতুন উপকারভোগী রেজুলেশনসহ প্রতিস্থাপনের জন্য নামের তালিকা সংশ্লিষ্ট চেয়ারম্যানগকে জমাদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৪. | <u>উপজেলা বন দপ্তর ঃ</u> উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত পুকুর পাড়ের চতুপার্শ্বে ওয়াক ওয়ে নির্মান ও গ্যারেজ নির্মানের স্থানে বিভিন্ন প্রজাতির ১৩টি গাছ কর্তন করা একান্ত জরুরী হয়ে পড়েছে। তাই উপজেলা বন কর্মকর্তাকে গাছ কর্তন বিষয়ে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। এ লক্ষ্যে গাছ কর্তনের পত্র জেলা বন ও পরিবেশ উন্নয়ন কমিটির সভায় অনুমোদনের জন্য বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, দিনাজপুর বরাবর পত্র প্রেরণের নিমিত্ত আলোচনা করা হয়। কর্তনকৃত গাছের নাম ও সংখ্যা নিম্নরুপ<br>১। ইউক্যালিপটাস গাছ-১টি। ২। মেহগনি গাছ-১০টি। ৩। গামার গাছ-০১টি। ৪। বকাইন-০১টি।<br>উল্লেখ্য যে, বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, দিনাজপুর হতে গত-১৩/০৩/২০২৫ খ্রিঃ তারিখের ১৩৩০ নং স্মারকের অফিস আদেশে যে ২৬টি গাছ কর্তনের অনুমোদন পাওয়া যায় তা কিছু জটিলতার কারণে কর্তন করা সম্ভব হয় নাই। ফলে পূর্বের আদেশে অনুমোদিত ২৬টি গাছের অনুমোদনটি স্থগিত করে তার স্থলে ১৩টি গাছ কর্তনের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>ইহা ছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত পুকুর পাড়ের চতুপার্শ্বে ওয়াক ওয়ে নির্মান ও গ্যারেজ নির্মানের স্থানে বিভিন্ন প্রজাতির ১৩টি গাছ কর্তন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, দিনাজপুর হতে গত-১৩/০৩/২০২৫ খ্রিঃ তারিখের ১৩৩০ নং স্মারকের অফিস আদেশে অনুমোদিত ২৬টি গাছের অনুমোদনটি স্থগিত করে তার স্থলে ১৩টি গাছ কর্তনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা বন কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৫. | <u>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তরঃ</u> উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, ১। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে ৬টি ইউনিয়নে মোট ৭২ টি ৬নং পাম্পযুক্ত অগভীর তারা নলকুপের বরাদ্দ পাওয়া গেছে।<br>২। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলায় ঈশানিয়া ইউনিয়নের ঈশানিয়া গ্রামের মালীপাড়া মহল্লায় Pipe Water scheme With 02 nos Test Tubewell, 02 nos production well, 01 nos pump house,01nos R.C.C Over Head Water Tank, Mechanical Works, Electrical Works, Pipe Line/Water Distribution Network etc নির্মাণ কাজ চলমান। ৩। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় প্রাথমিক বিদ্যালয়ে ৩০টি ওয়াশ ব্লক এর কাজ চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, আর্সেনিক মুক্ত টিউবয়েল স্থাপনসহ জনবান্ধব সকল কাজের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানান। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশ দপ্তর, বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১৬. | <u>উপজেলা সমবায় দপ্তরঃ</u> ১। সমবায় সমিতি সংক্রান্ত অত্র উপজেলায় অক্টোবর/২০২৪ খ্রিঃ পর্যন্ত মোট নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৫৭টি। সমিতিগুলো সরকারি উন্নয়নমূলক কার্যক্রম এবং দারিদ্র বিমোচন ও আত্মকর্মসংস্থানের জন্য কাজ করে যাচ্ছে। ইতিমধ্যে সমিতিগুলো নিজেস্ব অর্থায়নে ৭৫ জন বেকার যুবক/যুবতি কর্মী | সভায় বিস্তারিত আলোচনান্তে, এত্র উপজেলায় সমবায় দপ্তর হতে সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের | উপজেলা সমবায় দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পতা-৪)

| | | | |
|---|---|---|---|
| | কোন প্রকার ঋণ/অনদান ছাড়া ক্ষুদ্রঋণ সঞ্চয়ের মাধ্যমে গঠিত তহবিল দ্বারা হিসাবে নিয়োগ দিয়েছে এবং ২৫৫ জন সমবায়ী আত্মকর্মসংস্থান হয়েছে। আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণ করা হয়েছে ২৫,৫৭,০০০/-টাকা। আদায় করা হয়েছে ১০,২১,০৩৯/-টাক। ঋণ আদায় কার্যক্রম চলমান এবং সরকারী রাজস্ব আদায় করা হয়েছে ৩২,৫১০/-টাকা। সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হয়েছে ২,৬১,৩১২/-টাকা। ইহাছারা অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ১৭. | উপজেলা শিক্ষা দপ্তরঃ সভায় উপজেলা শিক্ষা অফিসার বোচাগঞ্জ জানান যে, প্রাথমিক স্কুলের শিশুর সংখ্যা কমে আসছে। শনিবার প্রাইভেট স্কুল বন্ধ রাখার সঃ প্রাঃ বিঃ ১৩২টি রয়েছে তাই সকল কর্মকর্তাগণকে পরিদর্শন করার জন্য অনুরোধ জানান। এবং সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগণকে পরিদর্শন করার জন্য অনুরোধ জনান। সভায় তিনি আরও জানান যে, নিয়মিত বিদ্যালয়ে গমন করেন তাহলে আমাদের শিক্ষকরা শিশুদের পাঠদানে অনেক বেশি মনোযোগী হবেন এবং শিশুরা আপনাদের লেখাপড়ার প্রতি আরো মনোযোগী ও উৎসাহী হবেন বলে মনে করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সঠিকভাবে স্কুল পরিচালনাসহ সকলক কাযক্রম বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, অত্র বোচাগঞ্জ উপজেলায় মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বর্তমানে ভালো আছে কিন্তু কিছু কিছু স্কুলে সমস্য হচ্ছে আশাকরি দ্রুততারসাথে ভালো হয়ে যাবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় মাধ্যমিক শিক্ষা দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ। |
| ১৯. | উপজেলা যুব উন্নয়ন দপ্তরঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঘ.১. চলতি মাসে ঋণ বিতরণ হয়নি। | সভায় বিস্তারিত আলোচনান্তে, দপ্তরের সকল সরকারী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২০. | উপজেলা আনসার ভিডিপিঃ উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও বলেন যে আনসার সদস্যগণ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ডিউটি করছেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২১. | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, অত্র বোচাগঞ্জ উপজেলায় বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মোট ১৬০টি সেচযন্ত্র স্থাপিত রয়েছে। উক্ত সেচযন্ত্রগুলি দিয়ে সষ্ঠুভাবে বর্তমান রবি মৌসুমে কৃষকদের চাহিদার ভিত্তিতে সেচ প্রদান করা হচ্ছে। উক্ত সেচযন্ত্রগুলির মধ্যে ১৩৫টি গভীর নলকুপ, ২০টি বিদ্যুৎ চালিত এলএলপি ও ০৫টি সোলার চালিত এলএলপি। ১৬০টি সেচযন্ত্র দিয়ে বোচাগঞ্জ উপজেলায় প্রায় ৭৪৮৬ হেক্টর জমিতে সেচ প্রদান করা হচ্ছে এবং ৮৬২০টি কৃষক পরিবার উপকৃত হয়েছে। ইহা ছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ কৃষক এর সেচ কার্যক্রম ন্যায্যতার ভিত্তিতে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২২. | উপজেলা পরিসংখ্যান দপ্তর ঃ সভায় জানান যে, ১০ বছর পর পর আমরা শুমারী করি। এবার অর্থনীতি সুমারী শুরু হবে নভেম্বর মাসে। জিডিপির ৩টি খাত রয়েছে। খাতগুলোতে কতগুলো জনবল রয়েছে তা গননা করা। এছাড়া অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ এবং অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৩. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)ঃ অত্র উপজেলায় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৪. | সহকারী প্রোগ্রামারের কার্যালয়ঃ সহকারী প্রোগ্রামার জানান যে, উপজেলার সকল দপ্তর প্রধানগণ যদি নিজনিজ দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ রাখে তাহলে অত্র উপজেলার সকল মানুষ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি জরুরী সেবা পাবেন তাই সকল দপ্তর প্রধানগণকে ওয়েবপোর্টাল হালনাগাদ রাখার জন্য সভায় অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা, পরিষদ, বোচাগঞ্জ দিনাজপুর। |
| ২৫. | চেয়ারম্যান ১নং ইউনিয়ন পরিষদ ঃ চেয়ারম্যান ১নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বর্তমানে বর্ষাকাল এসময় অত্র ইউনিয়ন পরিষদের সকল কাচা রাস্তাগুলি আকশের | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলার ৬টি ইউনিয়ন | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগণ, |

| | | | |
|---|---|---|---|
| | পানিতে খানখন্দ হওয়ার কারণে সাধারন মানুষের চলাচলের অসুবিধার সৃষ্টি হয়। তাই বর্ষাকালে রাবিষ দিয়ে খানাখন্দকগুলি ভরাট করার জন্য সভায় জোর আলোচনা করেন। তিনি আরও বলেন্ যে, আমরা জনপ্রতিনিধিরা গরীব দুখী মেহনতি মানুষের হয়ে কাজ করি তাই অত্র উপজেলা পরিষদের ১৭টি দপ্তর প্রধানগন যদি আমাদেরকে সহযোগীত করেন তাহলে কাজগুলি সহজ হয়।<br><u>চেয়ারম্যান ২নং ইউনিয়ন পরিষদ</u> **:** চেয়ারম্যান ২নং ইউনিয়ন পরিষদ সভায় জানানযে, অত্র ইউনিয়ন পরিষদের সকল কাচা রাস্তাগুলি আকশের পানিতে খানখন্দ হওয়ার কারলে সাধারন মানুষের চলাচলের অসুবিধার সৃষ্টি হয়। তাই বর্ষাকালে রাবিষ দিয়ে খানাখন্দকগুলি ভরাট করে জনসাধারণের চলাচলের সু-ব্যবস্থা করার জন্য সভায় আলোচনা করেন। অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই। জনসাধারনের সকল প্রকার কাজ চলমান রয়েছে।<br><u>চেয়ারম্যান ৩নং ইউনিয়ন পরিষদ</u> **:** চেয়ারম্যান ৩নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের সকল কাচা রাস্তাগুলি আকশের পানিতে খানখন্দ হওয়ার কারণে সাধারন মানুষের চলাচলের অসুবিধার সৃষ্টি হয়। তাই বর্ষাকালে রাবিষ দিয়ে খানাখন্দকগুলি ভরাট করার জন্য সভায় জোর আলোচনা করেন। তিনি বলেন যে, প্রকল্প বাস্তবায়ন দপ্তরের হতে ৪০দিনের কর্মসুচীর কাজটি চালু করারা জন্য অনুরোধ করেন।<br><u>চেয়ারম্যান ৪নং ইউনিয়ন পরিষদ</u> **:** চেয়ারম্যান ৪নং ইউনিয়ন পরিষদ বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের সকল কাচা রাস্তাগুলি আকশের পানিতে খানখন্দ হওয়ার কারণে সাধারন মানুষের চলাচলের অসুবিধার সৃষ্টি হয়। তাই বর্ষাকালে রাবিষ দিয়ে খানাখন্দকগুলি ভরাট করার জন্য সভায় জোর আলোচনা করেন। অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই।<br><u>চেয়ারম্যান ৫নং ইউনিয়ন পরিষদ</u> **:** চেয়ারম্যান ৫নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের সকল কাচা রাস্তাগুলি আকশের পানিতে খানখন্দ হওয়ার কারণে সাধারন মানুষের চলাচলের অসুবিধার সৃষ্টি হয়। তাই বর্ষাকালে রাবিষ দিয়ে খানাখন্দকগুলি ভরাট করার জন্য সভায় জোর আলোচনা করেন।অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই।<br><u>চেয়ারম্যান ৬নং ইউনিয়ন পরিষদ</u> **:** চেয়ারম্যান ৬নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের সকল কাচা রাস্তাগুলি আকশের পানিতে খানখন্দ হওয়ার কারণে সাধারন মানুষের চলাচলের অসুবিধার সৃষ্টি হয়। তাই বর্ষাকালে রাবিষ দিয়ে খানাখন্দকগুলি ভরাট করার জন্য সভায় আলোচনা করেন। অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই। | পরিষদের মধ্যে ৫টি ইউনিয়ন পরিষদ সংস্কারের নিমিত্ত প্রয়োজনী বরাদ্দ চেয়ে জেলা প্রশাসক, দিনাজপুর বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গ্রহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৬. বিবিধ (ক) | উপজেলা প্রকৌশলী বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে (এডিপি) ০২(দুই)টি পত্রিকার মাধ্যমে দরপত্র e-GP (LTM) পদ্ধতিতি দরপত্র বিজ্ঞপ্তি নং-০২/২০২৪-২০২৫ এর পত্রটি সভায় উপস্থাপন করেন। উপস্থাপনকৃত পত্রটির আলোকে এডিপির পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। নিম্নের ছকে পত্রিকার নাম ও ঠিকানা প্রদত্ত হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় বর্ণিত খাত হতে ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে (এডিপি) এর ০২(দুই)টি পত্রিকার বিল প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |

| ক্রঃনং | পত্রিকার নাম ও ঠিকানা | গ্রোস বিল মূল্য |
|---|---|---|
| ০১. | দৈনিক পত্রালাপ। | =১০,০৭৪/- |
| ০২. | দৈনিক আজকের দেশ বার্তা। | =১১,৫৯২/- |
| | (কথায়-একুশ হাজার ছয়শত ছেষট্রি) টাকামাত্র। সর্বমোট | =২১,৬৬৬/- |

| | | | |
|---|---|---|---|
| ২৬. বিবিধ (খ) | সভায় উপজেলা প্রকৌশলী বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩নং ক্রমিকের (ঘ)নং অনুচ্ছেদে "অপ্রত্যাশিত" খাতে কোন অত্যাবশ্যকীয় স্থাপনার জরুরী মেরামত ও পুনর্বাসন, ঘুর্ণিঝড়, বন্যা, প্রাকৃতিক দুর্যোগ, অগ্নিকান্ড, বেওয়ারিশ লাশ দাফন ইত্যাদি ক্ষেত্রে তাৎক্ষণিক পরিস্থিতি মোকাবেলায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সিদ্ধান্তক্রমে এক অর্থ বছরে সর্বোচ্চ ৫,০০,০০০/-(পাঁচ) লক্ষ টাকা ব্যয়ের নির্দেশনা রয়েছে। সে ৬টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের চাহিদা মোতাবেক ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "অপ্রত্যাশিত" খাত হতে ৬টি ইউনিয়ন পরিষদের কাচা রাস্তার "কোটেশনের" মাধ্যমে রাবিষ সরবরাহ বাবদ=৪,৪৬,০০০/-(চার লক্ষ ছেচল্লিশ হাজার) টাকা ব্যয়ে জনস্বার্থে জরুরীভাবে খানা কন্দকগুলি মেরামত/সংস্কার করার প্রস্তাব রাখেন। উক্ত প্রস্তাবটি সকল সদস্যগণ বাস্তবায়নের জন্য একমত পোষণ করেন। | সাভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলার ৬টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের চাহিদা মোতাবেক "কোটেশনের" মাধ্যমে রাবিষ সরবরাহ বাবদ=৪,৪৬,০০০/-(চার লক্ষ ছেচল্লিশ হাজার) টাকা ব্যয়ে জনস্বার্থে জরুরীভাবে খানা কন্দকগুলি মেরামত/সংস্কার করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো | উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| ২৬. বিবিধ (গ) | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, জনাব মোঃ মজিবর রহমান, সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ কার্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুর কর্তৃক গত-০৪/০১/২০২৫ ইং তারিখের উপজেলা পরিষদ কার্যালয় কম্পিউটারটি ও উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টারে ৪টি ল্যাপটপ সার্ভিসিং এর আবেদন পাওয়া গেছে। উক্ত আবেদনের প্রেক্ষিতে অফিস পরিচালনার স্বার্থে জরুরী ভিত্তিতে বিল ভাউচারের মাধ্যমে =২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ব্যয়ে উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটার ও ডিজিটাল সেন্টারের ৪টি ল্যাপটপ মেরামত/সার্ভিসিং করার জন্য সভায় বিস্তারিত আলোচনায় হয়। যার ব্যয় হবে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩নং ক্রমিকের (এ)নং অনুচ্ছেদে "অফিস সরঞ্জামাদি রক্ষনাবেক্ষণ/মেরামত" খাত হতে ব্যয় হবে। | সাভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করার জন্য "অফিস সরঞ্জামাদি রক্ষনাবেক্ষণ/ মেরামত" খাত হতে জরুরী ভিত্তিতে বিল ভাউচারের মাধ্যমে =২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ব্যয়ে উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটার ও ডিজিটাল সেন্টারের ৪টি ল্যাপটপ সার্ভিসিং করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৬. বিবিধ (ঘ) | সভায় উপজেলা প্রকৌশলী বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩নং ক্রমিকের (ট)নং অনুচ্ছেদে "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত ও ক্রয় ইত্যাদি" খাতে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সিদ্ধান্তক্রমে ব্যয়ের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক ২০২৪-২০২৫ অর্থ বছরে =১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে RFQ (কোটেশনের) মাধ্যমে "উপজেলা পরিষদ চত্বরে বিভিন্ন অফিস এবং বাসাবাড়ির মেইন পানির লাইন পুনঃ মেরামত/সংস্কার" করার জন্য জনস্বার্থে জরুরীভাবে মেরামত/সংস্কার করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। উক্ত প্রস্তাবটি সকল সদস্যগণ বাস্তবায়নের জন্য একমত পোষণ করেন। | সাভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ চত্তরে "কোটেশনের" মাধ্যমে "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত ও ক্রয় ইত্যাদি" খাতে হতে "উপজেলা পরিষদ চত্বরে বিভিন্ন অফিস এবং বাসাবাড়ির মেইন পানির লাইন পুনঃ মেরামত/ সংস্কার" বাবদ=১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো | উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |

পরিষদের সভাপতি জানান যে, সকল কর্মকর্তাগণকে একনিষ্ঠভাবে তাদের উপর অর্পিত দায়িত্ব প্রতিপালন করার আহবান জানান এবং শুভেচ্ছা জ্ঞাপন করে সভা সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৪/২০২৫
(মোঃ মারুফ হাসান)
উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
☎-০৫৮৮৮৭৮৫৫৫

উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০১.১৫-২০১৮-৫৪৬ (৪০)  তারিখঃ ২৮/০৪/২০২৫ খ্রিঃ।

ক্রঃনং **অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে-(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৫। প্রশাসক, সেতাবগঞ্জ পৌরসভা, বোচাগঞ্জ, দিনাজপুর।
৬। উপজেলা..........................................................................কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর।
৭। অফিসার ইনচার্জ, বোচাগঞ্জ থানা, দিনাজপুর।
৮। চেয়ারম্যান....................................ইউনিয়ন পরিষদ(সকল), বোচাগঞ্জ, দিনাজপুর।
৯। সভাপতি/সম্পাদক, বোচাগঞ্জ প্রেসক্লাব।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুরকে (উপজেলা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অফিস

২৮/০৪/২০২৫
(মোঃ মারুফ হাসান)
উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
☎-০৫৮৮৮৭৮৫৫৫